



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

**UNIVERSITY OF NORTH BENGAL**  
B.A. Programme 4th Semester Examination, 2022

**SEC1-P2-BENGALI**

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) ছোটগল্পের উপসংহার কেমন হয়? এ বিষয়ে রবীন্দ্রনাথ ঠাকুরের অভিমত কী?
- (খ) ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি লেখো।
- (গ) তাৎক্ষণিক বক্তব্য রচনার জন্য কোন্ কোন্ বিষয় লক্ষ্য রাখা জরুরি?
- (ঘ) কাব্যসৌন্দর্য বিচারে কোন্ কোন্ বিষয়ের উপর আলোকপাত করতে হয়, তা লেখো?
- (ঙ) সংলাপ কাকে বলে? সাহিত্যের কোন্ শাখায় সংলাপ সাহিত্য রচনার মূল মাধ্যম?
- (চ) ছোটগল্পের বিষয়বস্তুর বৈচিত্র্য সম্পর্কে সংক্ষেপে লেখো।
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) তাৎক্ষণিক বক্তৃতার সুবিধা-অসুবিধাগুলি সংক্ষেপে আলোচনা করো।
- (খ) 'কাব্যের সৌন্দর্য বিচারে প্রেম ও প্রকৃতি চেতনা গুরুত্বপূর্ণ দিক' — আলোচনা করে বুঝিয়ে দাও।
- (গ) মোবাইলের অপপ্রয়োগ বিষয়ে তাৎক্ষণিক বক্তব্যের খসড়া তৈরি করো।
- (ঘ) দ্রব্যমূল্য বৃদ্ধি বিষয় অবলম্বনে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।
- (ঙ) চিত্রধর্মিতা বলতে কী বোঝো? কাব্যসৌন্দর্য সৃষ্টিতে চিত্রধর্মিতার গুরুত্ব বুঝিয়ে দাও।
- (চ) ছোটগল্পের আয়তন কেমন হওয়া উচিত এ বিষয়ে তোমার অভিমত দাও।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) যে-কোনো বিষয় অবলম্বনে একটি ছোটগল্প রচনা করো।
- (খ) তোমার পাঠ্য যে-কোনো একটি কবিতার কাব্যসৌন্দর্য বিচার করো।
- (গ) 'অনলাইন পড়াশোনা' বিষয় অবলম্বনে দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ রচনা করো।
- (ঘ) করোনা পরিস্থিতি নিয়ে জনগণকে সচেতন করতে একটি তাৎক্ষণিক বক্তব্যের খসড়া প্রস্তুত করো।

—x—